

2016

BENGALI

(Major)

Paper : 3.2

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০
- (ক) শ্রীরামপুর মিশন কত খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত হয়েছিল ?
- (খ) হরপ্রসাদ রায়ের 'পুরুষপরীক্ষা' কোন্ গ্রন্থের অনুবাদ ?
- (গ) 'মহারাজ কৃষ্ণচন্দ্র রায়স্য চরিত্রং' গ্রন্থের লেখক কে ?
- (ঘ) 'পুতুলনাচের ইতিকথা' কার রচিত উপন্যাস ?
- (ঙ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর রচিত সংস্কৃত সাহিত্যের ইতিহাস গ্রন্থটির নাম লেখো।
- (চ) 'কৃষ্ণকুমারী' নাটকের প্রকাশকাল উল্লেখ করো।
- (ছ) গিরিশচন্দ্র ঘোষ কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন ?

(জ) রবীন্দ্রনাথের 'গীতাঞ্জলি' কাব্যগ্রন্থের ইংরেজি অনুবাদ গ্রন্থের নাম উল্লেখ করো।

(ঝ) বঙ্কিমচন্দ্রের 'আনন্দমঠ' উপন্যাস কবে প্রকাশিত হয়?

(ঞ) রবীন্দ্রনাথের 'চোখের বালি' উপন্যাস প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

২। সংক্ষেপে উত্তর দাও : $২ \times ৫ = ১০$

(ক) জীবনানন্দ দাশের দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

(খ) বিদ্যাসাগর রচিত প্রথম প্রকাশিত গ্রন্থ কোনটি? এই গ্রন্থের প্রকাশকাল লেখো।

(গ) 'অমৃতাত' কাব্যগ্রন্থের রচনাকার কে? গ্রন্থটি কোন্ মহাপুরুষের জীবনী অবলম্বনে রচিত?

(ঘ) দীনবন্ধু মিত্রের কোন্ নাটকে কাছাড়ের ইতিহাসের ছায়া পড়েছে? নাটকটির রচনাকাল উল্লেখ করো।

(ঙ) রবীন্দ্রনাথের 'বউঠাকুরাণীর হাট' উপন্যাসটি কবে প্রকাশিত হয়? তাঁর আরেকটি ঐতিহাসিক উপন্যাসের নাম লেখো।

৩। টীকা লেখো (যে কোনো চারটি) : $৫ \times ৪ = ২০$

তত্ত্ববোধিনী পত্রিকা, ফুলমণি ও করুণার বিবরণ, অক্ষয়কুমার দত্ত, স্বপ্নপ্রয়াগ, হিন্দুমেলা, স্বর্ণকুমারী দেবী।

৪। (ক) বাংলা গদ্যসাহিত্যে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান আলোচনা করো। ১০

(খ) রামমোহন রায়ের বিতর্কমূলক রচনাগুলো সম্পর্কে যা জানো, লেখো। ১০

৫। (ক) কাব্য রচনায় নবীনচন্দ্র সেনের প্রতিভার পরিচয় দাও। ১০

অথবা

(খ) বিহারীলাল চক্রবর্তীর কাব্যধর্ম তাঁর কাব্যগ্রন্থগুলো আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

৬। (ক) বাংলা সাহিত্যের প্রথম সার্থক নাট্যকার হিসাবে মাইকেল মধুসূদন দত্তের অবদান তুলে ধরো। ১০

অথবা

(খ) রবীন্দ্রনাথের প্রহসন সম্পর্কে এক নাতিদীর্ঘ নিবন্ধ লেখো। ১০

৭। (ক) বঙ্কিমচন্দ্রের উপন্যাস রচনার শেষ দশ বছরের (১৮৭৮-১৮৮৭) উপন্যাসগুলোর আলোকে লেখকের ঔপন্যাসিক প্রতিভার পরিচয় দাও। ১০

অথবা

- (খ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের 'শ্রীকান্ত' প্রথম পর্ব (১৯১৭) থেকে 'শ্রীকান্ত' চতুর্থ পর্ব (১৯৩৩) পর্যন্ত সময়কালে রচিত উপন্যাসগুলোর একটি ধারাবাহিক আলোচনা প্রস্তুত করো।

১০
